# আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ خاتمة في التحذير من البدع - বিদআত থেকে সতর্ক করণার্থে একটি পরিশিষ্ট

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

الفصل الخامس: منهج أهل السنة والجماعة في الرد على البدع - পঞ্চম পরিচ্ছেদ: বিদআতীদের প্রতিবাদে আলেমগণের পদ্ধতি

বিদআতীদের প্রতিবাদে আহলে সুন্নাত ওয়াল জামা'আতের আলেমদের পদ্ধতি হলো তারা এ ব্যাপারে আল্লাহর কিতাব ও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাতের উপর নির্ভর করে থাকেন। আর এটিই হল সঠিক ও সন্তোষজনক পদ্ধতি। তারা বিদআতীদের কথাগুলো প্রথমে বর্ণনা করেন। তারপর একটি একটি করে সেগুলো খন্ডন করে থাকেন। সুন্নাতকে আঁকড়ে ধরা ওয়াজিব এবং বিদআত থেকে বিরত থাকা জরুরী, এবিষয়ে তারা কুরআন-সুন্নাহ থেকে প্রমাণাদি উপস্থিত করে থাকেন।

বিদআতীদের প্রতিবাদে তারা অসংখ্য বই-পুস্তক রচনা করেছেন। ইসলামের আকীদার উপর লিখিত তাদের কিতাবগুলোতে তারা খারেজী, যাহমীয়া, মু'তাযিলা এবং আশায়েরা সম্প্রদায়ের আকীদা বিষয়ক বিদআতী কথাগুলোর জবাব দিয়েছেন। এব্যাপারে তারা বিশেষ গ্রন্থও রচনা করেছেন। ইমাম আহমাদ ইবনে হাম্বল (রহি.) যাহমীয়াদের উত্তরে الرد على الجهمية নামক কিতাব লিখেছেন। অন্যান্য ইমামগণও বিভিন্ন ফির্কার লোকদের উত্তরে বিভিন্ন কিতাব রচনা করেছেন। তাদের মধ্যে উছমান ইবনে সাঈদ দারেমীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমীয়া, তার সুযোগ্য ছাত্র ইবনুল কাইয়িম, শাইখ মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহ্হাব এবং অন্যান্য আলেমগণ উপরোক্ত বাতিল ফির্কার লোকদের কঠোর প্রতিবাদ করেছেন। তারা কবরপূঁজারী, সূফীদেরও প্রতিবাদ করেছেন।

বিদআতীদের প্রতিবাদে খাস করে যেসব কিতাব রচিত হয়েছে, তার সংখ্যা অনেক। নিম্মে উদাহরণ স্বরূপ কয়েকটি কিতাবের নাম উল্লেখ করা হলো,

পূরাতন লেখনীগুলোর মধ্যে রয়েছে।

(১) ইমাম শাতেবী রচিত আল-ইতেসাম।

(২) ইকতেজাউস্ সিরাতিল মুসতাকীম: কিতাবটি শাইখুল ইসলাম ইবনে তাইমীয়া (রহি.) রচিত। কিতাবের বিরাট অংশ জুড়ে তিনি বিদআতীদের প্রতিবাদ করেছেন।

(৩) ইনকারুল হাওয়াদেছ ওয়াল বিদাই, রচনায় ইবনে ওয়াজ্জাহ।

(৪) আল হাওয়াদেছ ওয়াল বিদাই: তারতুসী

(৫) আবু শামা কর্তৃক রচিত আল বা-ইছু আলা ইনকারিল বিদ্আহ্ ওয়াল হাওয়াদেছ।

(৬) মিনহাজুস্ সুন্নাহ আন্ নাববীয়াহ: শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমীয়া (রঃ)। এতে তিনি রাফেযী এবং কাদরীয়া ফির্কার প্রতিবাদ করেছেন।

বর্তমান যুগে বিদআতীদের প্রতিবাদে যেসমস্ত কিতাব রচিত হয়েছে:

(১) শাইখ আলী মাহফুয কর্তৃক সংকলিত আল ইবদা'উ ফী মাযার্রিল ইবতিদা।

(২) শাইখ মুহাম্মাদ ইবনে আহমাদ আশ্-শুকাইরী আল-হাওয়ামেদী কর্তৃক রচিত আস্ সুনানু ওয়াল মুবতাদাআহ ওয়াল মুতাআল্লাকাতু বিল আযকার ওয়াস্ সালাওয়াত

(৩) শাইখ ইবনে বায রাহিমাহুল্লাহ কর্তৃক রচিত আত্-তাহযীরু মিনাল বিদা। এ কিতাবটি বাংলাভাষায় অনুবাদ হয়েছে।

আলহামদুলিল্লাহ্! সর্বযুগের আলেমগণই লেখনী, ভাষণ, জুমআর খুৎবা, প্রচার মাধ্যম, পত্রিকা, রেডিও, সেমিনার ও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে বিদআত ও বিদআতীদের প্রতিবাদ করে আস□ছেন। এসব কর্ম তৎপরতা মুসলমানদের সজাগ করণে এবং বিদআতের মূলৎপাটনে যথেষ্ট ভূমিকা রেখে চলেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13320

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন